ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১২০ ● কলকাতা ● ২১ বৈশাখ, ১৪৩২ ● সোমবার ● ০৫ মে ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## ইকোপার্কে দিলীপ ঘোষের সঙ্গে তৃণমূল নেতা দেখা করলেন



বেবি চক্রবর্ত্তী :কলকাতা

দিঘায় জগন্নাথ মন্দিরে সস্ত্রীক গিয়েছিলেন দিলীপ ঘোষ। তারপরেই দলের অন্দরে শুরু হয়েছে প্রায় গৃহযুদ্ধ। সমাজমাধ্যমে 'কুৎসিত-কদর্য' ভাষায় লড়াই অব্যাহত দিলীপ শিবির বনাম বিরোধী শিবিরের। এমনকী দিলীপ ঘোষ তৃণমূলে যোগ দেবেন কিনা, তা নিয়েও জল্পনা অব্যাহত রয়েছে। স্পষ্টত দুটি শিবিরে বিভক্ত হয়ে পড়েছে রাজ্য বিজেপি। দলের অন্দরে শুরু হয়েছে

এরপর ৩ পৃষ্ঠায়


# মুর্শিদাবাদে ওয়াকফ-অশান্তি নিয়ে দিল্লিতে 'নেগেটিভ' রিপোর্ট রাজ্যপালের



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ওয়াকফ সংশোধনী আইনের প্রতিবাদে অশান্ত হয়ে উঠেছিল গোটা দেশ। তার আঁচ কিছুটা পড়েছিল এরাজ্যেও। মুর্শিদাবাদ, দক্ষিণ ২৪ পরগনার দু-একটি জায়গায় অশান্তি থেকে প্রাণহানিও ঘটেছে। তবে এই উত্তেজনা খুব বেশি স্থায়ী ছিল না। পুলিশ শক্ত হাতে পরিস্থিতির মোকাবিলা করেছে।তবে রাজ্যের সাংবিধানিক প্রধানের এহেন 'নেগেটিভ' রিপোর্ট মোটেই ভালোভাবে গ্রহণ করেনি রাজ্য প্রশাসন। শাসকদলের তরফে কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় এবং শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এর তীব্র প্রতিবাদ করেছেন। কটাক্ষ করে কৃষি ও পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টপাধ্যায় বলেন, "রাজ্যপাল সিভি আনন্দ বোস নিরপেক্ষতা নিয়ে চলেন না। তিনি চলেন দিল্লির ইনস্ট্রাকশনে। রাজ্যপাল যা বলবেন, সব কথা নেগেটিভ বলবেন।" কটাক্ষের সুর আরও কিছুটা বেশি ব্রাত্য বসুর কথায়। বললেন, "রাজ্যপাল অসুস্থ,

এরপর ৩ পাতায়






# ডঃ রেড্ডি এবং সানোফি হেলথকেয়ার ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড ভারতে রেসপিরেটরি সিনসিটিয়াল ভাইরাস প্রতিরোধের জন্য একটি অভিনব ওষুধ, বেফোর্টাস® (নিরসেভিমাব) চালু করার জন্য অংশীদারিত্ব প্রসারিত করেছে

**হায়দ্রাবাদ, ভারত; ২৮শে এপ্রিল, ২০২৫**

বিশ্ব টিকাদান সপ্তাহ উপলক্ষে, ডঃ রেড্ডি ল্যাবরেটরিজ লিমিটেড (BSE: 500124, NSE: DRREDDY, NYSE: RDY, NSEIFSC: DRREDDY; এরপর থেকে "ডঃ রেড্ডি'স" নামে পরিচিত), একটি বিশ্বব্যাপী ওষুধ কোম্পানি, ভারতে একটি অভিনব ওষুধ, বেফোর্টাস® (নিরসেভিমাব) চালু করার জন্য সানোফি হেলথকেয়ার ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড এর সাথে তার কৌশলগত অংশীদারিত্ব প্রসারিত করেছে। বেফোর্টাস®-এ মনোক্লোনাল অ্যান্টিবডি, নির্সেভিমাব থাকে, যা একটি প্রি-ফিলড ইনজেকশনে ব্যবহৃত হয় যা নবজাতক এবং তাদের প্রথম আরএসভি পর্যায়ে জন্মগ্রহণকারী বা প্রবেশকারী রেসপিরেটরী সিনসিশিয়াল ভাইরাস শ্বাসযন্ত্রের অতি জটিল রোগ প্রতিরোধের জন্য ব্যবহৃত হয়। এটি 24 মাস পর্যন্ত বয়সী শিশুদের ক্ষেত্রেও দেওয়া হয়, যারা তাদের দ্বিতীয় আরএসভি পর্যায় পর্যন্ত গুরুতর আরএসভি রোগের ঝুঁকিতে থাকে।

এই চুক্তির অধীনে, ডঃ রেড্ডি ভারতে বেফোর্টাস® (নিরসেভিমাব) প্রচার ও বিতরণের জন্য SHIPL-এর একচেটিয়া অধিকার পাবে। গত বছর ভারতে ভ্যাকসিনের পোর্টফোলিওর জন্য সানোফির সাথে ডঃ রেড্ডির সফল এক্সক্লুসিভ বিতরণ অংশীদারিত্বের পর এই ঘোষণা করা হয়েছে। ডঃ রেড্ডি চলতি অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে ভারতে বেফোর্টাস® চালু করবে বলে আশা করা হচ্ছে।

আরএসভি একটি অত্যন্ত সংক্রামক ভাইরাস যা শিশুদের জন্য গুরুতর শ্বাসযন্ত্রের অসুস্থতার কারণ হতে পারে। প্রতি তিনজনের মধ্যে দুইজন শিশু তাদের জীবনের প্রথম বছরে রেসপিরেটরী সিনসিশিয়াল ভাইরাস -তে আক্রান্ত হয় এবং প্রায় সব শিশুই তাদের দ্বিতীয় জন্মদিনের মধ্যে আক্রান্ত হয়। শিশুদের মধ্যে ব্রঙ্কিওলাইটিস এবং নিউমোনিয়ার মতো শ্বাসযন্ত্রের অতি জটিল রোগ-এর সবচেয়ে সাধারণ কারণ হওয়ার পাশাপাশি, আরএসভি বিশ্বব্যাপী শিশুদের হাসপাতালে ভর্তির একটি প্রধান কারণ, বেশিরভাগ হাসপাতালে ভর্তির ঘটনা ঘটে নির্ধারিত সময়ে জন্ম নেওয়া সুস্থ শিশুদের ক্ষেত্রে। ২০১৯ সালে, বিশ্বব্যাপী তীব্র নিম্ন শ্বাসযন্ত্রের সংক্রমণের প্রায় ৩৩ মিলিয়ন ঘটনা ঘটেছে, যার ফলে ৩০ লক্ষেরও বেশি মানুষ হাসপাতালে ভর্তি হয়েছেন এবং অনুমান করা হয়েছে যে ৫ বছরের কম বয়সী প্রায় ২৬,৩০০জন শিশুর হাসপাতালে মৃত্যু হয়েছে।

সানোফি ভ্যাকসিনস (ভারত) এর প্রধান নিত্য পদ্মনাভন এবিষয়ে বলেন, "প্রতিটি শিশুকে R S V - এর মতো প্রতিরোধযোগ্য টিকাদান রোগ থেকে রক্ষা করার লক্ষ্যে আমাদের লক্ষ্যে বেফোর্টাস ভারতে আনা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। ভারতে, যেখানে রোগের বোঝা উল্লেখযোগ্য এবং প্রাথমিক সুরক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ, ডঃ রেড্ডি'স-এর সাথে এই সহযোগিতা আমাদের একটি উদ্ভাবনী সমাধান নিয়ে পিতামাতা এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীদের কাছে পৌঁছাতে সক্ষম করে। একসাথে, আমরা ভারতে অসংখ্য শিশুর জন্য টিকাদানের ন্যায্য অ্যাক্সেস এবং প্রতিরোধমূলক ব্যবস্থার আরও উন্নত করছি।"

ডঃ রেড্ডি'স-এর ব্র্যান্ডেড মার্কেটস (ভারত এবং উদীয়মান বাজার) এর প্রধান নির্বাহী কর্মকর্তা এম.ভি. রামানা বলেন, "ভারতে সানোফির সাথে আমাদের অংশীদারিত্ব প্রসারিত করতে পেরে আমরা আনন্দিত - এবার ভারতে নবজাতক এবং শিশুদের মধ্যে আরএসভি বোঝা মোকাবেলায় একটি অভিনব ওষুধের জন্য। এই অংশীদারিত্ব রোগীদের কাছে নতুন, উদ্ভাবনী এবং বিশ্বস্ত ওষুধ পৌঁছে দেওয়ার ক্ষেত্রে 'পছন্দের অংশীদার' হওয়ার আমাদের অব্যাহত প্রচেষ্টাকে তুলে ধরে। বেফোর্টাস® স্বাস্থ্যসেবা পেশাদার এবং অভিভাবকদের আরএসভি প্রতিরোধে উন্নত ওষুধের অ্যাক্সেস সক্ষম করে। উপরন্তু, বেফোর্টাস চালু করা ভারতে আমাদের টিকাদান পোর্টফোলিওকে শক্তিশালী করতে সাহায্য করবে।"

বেফোর্টাস® ইউরোপীয় ইউনিয়ন, মার্কিন যুক্তরাষ্ট্র, চীন, জাপান এবং বিশ্বের অন্যান্য অনেক দেশে ব্যবহারের জন্য অনুমোদিত হয়েছে। ভারতে, বেফোর্টাস® গত বছরের জুন মাসে সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশন থেকে তার বিপণন অনুমোদন পেয়েছে।







(১ম পাতার পর)

# মুর্শিদাবাদে ওয়াকফ-অশান্তি নিয়ে দিল্লিতে 'নেগেটিভ' রিপোর্ট রাজ্যপালের

তাড়াতাড়ি সেরে উঠুক তিনি। মুখ্যমন্ত্রী সোমবার মুর্শিদাবাদ যাবেন। সেখানে কোনও সমস্যা নেই আর আগামিকালও থাকবে না।" এই ঘটনাকে কেন্দ্র করে রাজভবন-নবান্নের মধ্যে নতুন করে সংঘাতের পরিবেশ তৈরি হল।কিন্তু তারপরও পুলিশ প্রশাসনের চূড়ান্ত ব্যর্থতাকে এই অশান্তির নেপথ্যে দায়ী করে দিল্লিতে রিপোর্ট পেশ করা হল রাজভবনের তরফে। যা নিয়ে তীব্র প্রতিক্রিয়া দিয়েছেন রাজ্যের দুই মন্ত্রী – শোভনদেব চট্টোপাধ্যায় ও ব্রাত্য বসু। দু'জনেরই বক্তব্য, রাজ্যপাল দিল্লির নির্দেশেই এহেন 'নেগেটিভ' রিপোর্ট দিয়েছেন। মুর্শিদাবাদে কোনও অশান্তি নেই, আগামী দিনেও থাকবে না।

সূত্রের খবর, সদ্যই মুর্শিদাবাদ নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রককে রিপোর্ট দিয়েছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। তাতে অশান্তির ঘটনাকে 'পূর্বপরিকল্পিত' এবং 'প্রশাসনের ব্যর্থতা' বলে উল্লেখ করা হয়েছে বলে জানা যাচ্ছে। এমনকী রিপোর্টে তাঁর সুপারিশ, প্রশাসন আইনশৃঙ্খলা বজায় রাখতে যদি এভাবে ব্যর্থ হয়, তাহলে কেন্দ্র সরকার সংবিধান অনুযায়ী যথাযথ ব্যবস্থা নিতে পারে। তাঁর ইঙ্গিত ৩৫৬ ধারার জারির দিকে, তা বুঝতে অসুবিধা হয় না। মালদহ, মুর্শিদাবাদের স্পর্শকাতর এলাকায় বিএসএফ ক্যাম্প থাকা উচিত বলেও রিপোর্টে উল্লেখ রয়েছে। যদিও অশান্তির পর এই দাবি তুলেছিলেন স্থানীয় বাসিন্দারাই। তা যে যুক্তিপূর্ণ, সেটাই রাজ্যপাল রিপোর্টে জানিয়েছেন দিল্লিকে।

(১ম পাতার পর)

# ইকোপার্কে দিলীপ ঘোষের সঙ্গে তৃণমূল নেতা দেখা করলেন

তোলপাড়। তথাগত রায় তো বলেই দিয়েছেন, দিলীপ ঘোষের তৃণমূলে যাওয়া শুধুই সময়ের অপেক্ষা।

এই পরিস্থিতিতে ইকোপার্কে দিলীপ ঘোষকে বিয়ের শুভেচ্ছা জানাতে এলেন তৃণমূল নেতা। আর তা নিয়েও জল্পনা ছড়িয়ে পড়ল। রবিবার সকালে নিউটাউনের ইকোপার্কে প্রাক্তন সাংসদ তথা রাজ্য বিজেপির প্রাক্তন সভাপতি দিলীপ ঘোষের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করলেন রাজারহাট নিউটাউন তৃণমূলের যুব সভাপতি তথা উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের সদস্য মোহাম্মদ আফতাব উদ্দিন। দিলীপ ঘোষকে বিয়ের শুভেচ্ছা জানাতে আসেন স্থানীয় ওই তৃণমূল নেতা। তৃণমূল নেতা মোহাম্মদ আফতাব উদ্দিন জানান, দিলীপদার দ্বিতীয় ইনিংস শুরু করার জন্য শুভেচ্ছা জানাতে এসেছি। দিলীপদার সঙ্গে নিয়মিত ইকোপার্কে দেখা হয়। এদিকে, দিলীপ ঘোষ বলেন, ''আমাদের পাড়ার ছেলে। আগে গো ব্যাক বলত। এখন ফুল দিচ্ছে। এখন সবাই যদি আমাকে নেতা বলে মেনে নেয়। আমি বিজেপির নেতা ছিলাম, এখন সাড়া সমাজের লোক বিভিন্ন পার্টির লোক আমাকে নেতা মানছে। আমি জানি না আমার মধ্যে কী যোগ্যতা দেখতে পেয়েছেন। তাদেরকে শুভেচ্ছা আমার।'' এই নিয়ে আবার শুরু হলো নতুন বিতর্ক।

# কাশ্মীর হামলায় নিহতদের স্মরণে বর্ধমানে প্রাক্তনী ছাত্রছাত্রীদের মৌন মিছিল, 'মারের বদলা মার চাই' স্লোগান

**কৃষ্ণ সাহা , পূর্ব বর্ধমান**

গত ২২শে এপ্রিল কাশ্মীরের অনন্তনাগের পায়েল গাওতে জঙ্গি হামলায় নিহত পর্যটকদের স্মরণে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী ছাত্রছাত্রীদের উদ্যোগে এক মৌন মিছিল অনুষ্ঠিত হল। আজ, পারবিরহাটা মোড় থেকে কার্জন গেট পর্যন্ত হাতে মোমবাতি নিয়ে এই নীরব প্রতিবাদে অংশ নেন বহু প্রাক্তন শিক্ষার্থী।

নিহত ২৬ জন পর্যটকের আত্মার শান্তি কামনায় কার্জন গেটে মোমবাতি প্রজ্বলন করে এক মিনিট নীরবতা পালন করা হয়। মিছিলে অংশগ্রহণকারীরা জঙ্গি হামলার তীব্র নিন্দা জানান।

তবে, মিছিল শেষে কয়েকজন প্রাক্তন ছাত্রছাত্রী ক্ষোভ প্রকাশ করে বলেন, "শুধু মৌন মিছিল যথেষ্ট নয়। ভারত সরকারকে এই হামলার উপযুক্ত জবাব দিতে হবে। মারের বদলা মার চাই।" তাদের এই প্রতিবাদী স্লোগান আজকের মৌন মিছিল ও স্মরণসভায় এক ভিন্ন সুর যোগ করে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী ছাত্রছাত্রীদের এই উদ্যোগ কাশ্মীরের জঙ্গি হামলার বিরুদ্ধে এক বলিষ্ঠ বার্তা দিল।

# "সীমান্তে বিএসএফের বিশাল অভিযান: ১.৫৬ কোটি টাকার সোনা এবং ৮ লক্ষ টাকার রূপা জব্দ"

**নদীয়া, উত্তর ২৪ পরগনা, ৪ মে ২০২৫**

পশ্চিমবঙ্গের নদীয়া জেলায় ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে বিএসএফ দক্ষিণবঙ্গ সীমান্তের ৩২ ব্যাটালিয়নের বানপুর সীমান্ত ফাঁড়ির সতর্ক জওয়ানরা আবারও সোনা পাচারের চেষ্টা ব্যর্থ করে দেন। ৩ জন ভারতীয় চোরাকারবারী যখন বাংলাদেশ থেকে ভারতে অবৈধ সোনার প্যাকেট পাচার করার চেষ্টা করছিল, তখন সজাগ সীমান্তরক্ষীরা মোট ১৬৬২ গ্রাম ওজনের ১২টি সোনার বিস্কুট জব্দ করে। জব্দ করা সোনার আনুমানিক মূল্য ১,৫৬,০৬,১৮০/- টাকা।

৩ মে, সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) ৩২ ব্যাটালিয়নের বানপুর সীমান্ত ফাঁড়ির জওয়ানরা নির্ভরযোগ্য তথ্য পান যে বানপুর গ্রাম এলাকা দিয়ে বাংলাদেশ থেকে সোনা পাচার করা হতে পারে। খবর পেয়ে বানপুর সীমান্ত ফাঁড়ির জওয়ানরা তাৎক্ষণিকভাবে পরিকল্পনা করে বেড়ার কাছে একটি অতর্কিত এম্বুশ চালায় এবং সন্দেহজনক কার্যকলাপের উপর নজর রাখতে শুরু করে। সকাল ১১টার দিকে জওয়ানরা দেখতে পান যে তিনজন সন্দেহভাজন চোরাকারবারী ভারতের দিক থেকে বেড়ার কাছে একটি ড্রেনের মধ্যে লুকিয়ে বাংলাদেশের দিকে এগিয়ে আসছে। একই সময়ে, আরেকজন চোরাকারবারীকে বাংলাদেশ দিক থেকে কিছু প্যাকেট ভারতীয় সীমান্তে ছুঁড়ে মারতে দেখা যায়। ভারতীয় চোরাকারবারীরা সেই প্যাকেটগুলি তুলতে এগিয়ে যাওয়ার সাথে সাথেই মোতায়েন থাকা বিএসএফ জওয়ানরা তাদের ঘিরে ফেলার চেষ্টা করে। বিএসএফ জওয়ানদের উপস্থিতি টের পেয়ে চোরাকারবারীরা নিকটবর্তী ঘনবসতিপূর্ণ ফুলবাড়ি (বানপুর) গ্রামের দিকে দৌড়াতে শুরু করে। ঘটনাস্থলের আশেপাশে ঘনবসতিপূর্ণ হওয়ায় জওয়ানরা কোনও অস্ত্র ব্যবহার না করেই তাদের ধাওয়া করে, কিন্তু অনেক চেষ্টা করার পরেও তারা তাদের ধরতে পারেনি। তবে ঘটনার পরপরই এলাকায় তল্লাশি অভিযান চালানো হয়, সেই সময় তিনটি প্লাস্টিক-মোড়ানো প্যাকেট থেকে ১২টি সোনার বিস্কুট উদ্ধার করা হয়। সোনার মোট ওজন ১,৬৬২ গ্রাম, যার আনুমানিক মূল্য ১,৫৬,০৬,১৮০ টাকা।

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

### ভারত থেকে ৫ লক্ষ পাকিস্তানি নাগরিককে ফেরত পাঠানো হবে সাংবাদিক সম্মেলন করে জানিয়ে দিলেন কেন্দ্রীয় মন্ত্রী

পাকিস্থানি নাগরিকদের চিহ্নিত করে ফেরত পাঠাবে হবে দাবি তুলে সাংবাদিক সম্মেলন কেন্দ্রীয় মন্ত্রীর। রবিবার সকালে উত্তর ২৪ পরগনা জেলার ঠাকুরনগর ঠাকুরবাড়িতে সাংবাদিক সম্মেলন করে কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুর বলেন পাকিস্তানের মৌলবাদীরা ভারতে অশান্তি সৃষ্টি করছে। আমরা তা হতে দেবো না। প্রধানমন্ত্রীর নেতৃত্বে আমাদের ভারতীয় জনতা পার্টি ইতিমধ্যে বিভিন্ন পদক্ষেপ নিচ্ছে। ভারত সরকার পাকিস্তানের সাথে সিন্ধু চুক্তি বন্ধ করেছে। আগামীতে আরো পরিষেবা বন্ধ হবে। পাকিস্তানি নাগরিকদের দেশে ফেরার কথা বলা হয়েছে। ভারতীয় জনতা পার্টির পক্ষ থেকে ইতিমধ্যেই পাকিস্তানিদের চিহ্নিত করে পঠানোর কাজ শুরু হয়েছে। ভারত সরকার পাঁচ লক্ষ পাকিস্তানি নাগরিকদের চিহ্নিত করেছে। আগামী দিনে কি হতে চলেছে পাকিস্তান ভালই ভালই টের পেয়ে যাবে।

সম্প্রতি পাকিস্তানের সেনাপ্রধান থেকে শুরু করে রাজনৈতিক নেতারা ভারতকে পরমানবিক হুমকি দিচ্ছে। সেই প্রসঙ্গে মন্ত্রী বলেন, পারমাণবিক শক্তি আমাদের কাছেও আছে। ওদের মিসাইল বন্দুক আর বোমাই ড্যাম পড়ে গিয়েছে। মন্ত্রী আরো বলেন ইউ এন চুক্তি অনুসারে পাকিস্তানের পরমানবিক শক্তি ব্যবহার করার কোন নির্দেশিকা নেই।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে





**মৃত্যুঞ্জয় সরদার**
**(সতেরোতম পর্ব)**

পিঁপড়ে বলে ওই অলক্ষ্মীর জন্য রাজা এমন গরিব হয়েছে যে খাবারে ঘি জুটছে না। তা শুনে রাজা হা হা করে হেসে উঠেন।রানী দেখতে পেয়ে বললেন আপনি এমন নিজের মনে হাসছেন কেন?রাজাও বলবেন না আর রানীও ছাড়বেন না। রাজা তখন বলেন এই কথা বললেই আমার প্রাণ যাবে, তাও যদি তুমি শুনতে চাও তো বলবো। তাও রানী শুনতে চায় শুনে তিনি বলেন আমি মরলে যদি খুশি হও তাহলে ওই নদীর ধারে চলো বলব। রানী ভাবে কথা বললে আবার কেউ মারা যায় নাকি? তারা নদীর ধারে এসেছে,হঠাৎ এক শিয়ালিনী শিয়ালকে বলে

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

## "সীমান্তে বিএসএফের বিশাল অভিযান: ১.৫৬ কোটি টাকার সোনা এবং ৮ লক্ষ টাকার রূপা জব্দ"

একই দিনে একটি গুরুত্বপূর্ণ অভিযানে, বিএসএফের ১৪৩ ব্যাটালিয়নের বর্ডার আউটপোস্ট তারালির জওয়ানরা ১০.৮৩ কেজি রূপার অলঙ্কার সহ এক ভারতীয় চোরাকারবারিকে গ্রেপ্তার করে, যখন সে সীমান্ত ফাঁড়ি তারালির নিত্যানন্দকাটি চেকপোস্ট থেকে একটি মোটরসাইকেলের তেলের ট্যাঙ্কে লুকিয়ে রেখে অলঙ্কারগুলি পাচার করার চেষ্টা করছিল। জব্দ করা রূপার অলঙ্কারের আনুমানিক মূল্য ৮.৩৬/- লক্ষ টাকা।

উদ্ধার করা সোনার বিস্কুট এবং রূপার অলঙ্কারগুলি সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়া হয়েছে এবং চোরাকারবারীদের ধরার জন্য অভিযোগ দায়ের করা হয়েছে।

বিএসএফ দক্ষিণবঙ্গ সীমান্তের জনসংযোগ কর্মকর্তা এই ঘটনার প্রশংসা করে বলেছেন যে, বিএসএফের সজাগ জওয়ানরা সীমান্তে চোরাচালানের অবৈধ কার্যকলাপ বন্ধে সম্পূর্ণ সক্ষম এবং প্রতিশ্রুতিবদ্ধ। তিনি সীমান্তবাসীদের সোনা ও রূপা চোরাচালান সম্পর্কিত যেকোনো তথ্য বিএসএফের সীমা সাথীর হেল্পলাইন নম্বর ১৪৪১৯-এ অথবা ৯৯০৩৪৭২২২৭ নম্বরে হোয়াটসঅ্যাপ বার্তা বা ভয়েস বার্তার মাধ্যমে জানাতে অনুরোধ করেন। সুনির্দিষ্ট তথ্য দেওয়ার জন্য পর্যাপ্ত পুরস্কার দেওয়া হবে এবং তথ্যদাতার পরিচয় গোপন রাখা হবে।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

তিনি শনিকে পীড়াপীড়ি করতে শুরু করলেন। বারংবার অনুরোধের পর শনি শুধু আড়চোখে একবার গণেশের দিকে তাকিয়ে ছিলেন। তাতেই গণেশের মুণ্ড দেহ থেকে বিচ্ছিন্ন হয়ে যায়।


**• সতর্কীকরণ •**

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# আইডিএফসি ফার্স্ট ব্যাংক আর্থিক বছর 25, প্যাট 1,525 কোটি টাকা, মূল পরিচালন মুনাফা 17% বৃদ্ধি পেয়েছে

**মুম্বাই, 28 এপ্রিল, 2025:**

**আর্থিক ফলাফল**

আইডিএফসি ফার্স্ট ব্যাংক আজ 31 মার্চ, 2025 তারিখে শেষ হওয়া ত্রৈমাসিক এবং বছরের জন্য নিরীক্ষিত আর্থিক ফলাফল প্রকাশ করেছে।

**ডিপোজিট এবং ঋণ**

কাস্টমার ডিপোজিটস 31 মার্চ, 2024 তারিখে 1,93,753 কোটি টাকা থেকে 25.2% বৃদ্ধি পেয়ে 31 মার্চ, 2025 তারিখে 2,42,543 কোটি টাকায় উন্নীত হয়েছে।

রিটেল ডিপোজিটস 31 মার্চ, 2024 তারিখে 1,51,343 কোটি টাকা থেকে 26.4% বৃদ্ধি পেয়ে 31 মার্চ, 2025 তারিখে 1,91,268 কোটি টাকায় উন্নীত হয়েছে।

31 মার্চ, 2024 তারিখে 94,768 কোটি টাকা থেকে ক্যাসা ডিপোজিট পরিমাণ বার্ষিক 24.8% বৃদ্ধি পেয়ে 31 মার্চ, 2025 তারিখে 1,18,237 কোটি টাকায় দাঁড়িয়েছে।

31 মার্চ, 2025 তারিখে ক্যাসা অনুপাত 46.9% ছিল (31 মার্চ, 2024 তারিখে 47.2%)

31 মার্চ, 2025 তারিখে রিটেল ডিপোজিট মোট গ্রাহক ডিপোজিটের 79%।

**অন্যান্য ব্যবসা**

গত ত্রৈমাসিকে ব্যাংক কর্তৃক ইস্যু করা ক্রেডিট কার্ডের সংখ্যা 3.5 মিলিয়ন ছাড়িয়েছে।

সম্পদ ব্যবস্থাপনার মোট ডিপোজিট (ডিপোজিট ব্যালেন্স সহ) 27% বার্ষিক বৃদ্ধি পেয়ে 42,665 কোটি টাকায় পৌঁছেছে।

ফাস্ট্যাগ: 17.8 মিলিয়ন লাইভ ফাস্ট্যাগ সহ ব্যাংকটি বৃহত্তম ইস্যুকারী ব্যাংক হিসেবে রয়ে গেছে।

**ঋণ এবং অগ্রিম**

ঋণ এবং অগ্রিম* 31 মার্চ, 2024 তারিখের 2,00,965 কোটি টাকা থেকে 20.4% বার্ষিক বৃদ্ধি পেয়ে 31 মার্চ, 2025 তারিখে 2,41,926 কোটি টাকায় উন্নীত হয়েছে।

খুচরা, গ্রামীণ এবং এমএসএমই বুকে বার্ষিক 18.6% বৃদ্ধি পেয়ে 31 মার্চ, 2024 তারিখে 1,66,604 কোটি টাকা থেকে 31 মার্চ, 2025 তারিখে 1,97,568 কোটি টাকায় পৌঁছেছে।

ক্ষুদ্রঋণ পোর্টফোলিও বার্ষিক 28.3% হ্রাস পেয়েছে এবং সামগ্রিক ঋণ বইয়ের সাথে এর অনুপাত মার্চ-2024 সালে 6.6% থেকে মার্চ-2025 সালে 4.0% এ হ্রাস পেয়েছে।

31শে মার্চ, 2025 তারিখে ব্যাংকের লিগ্যাসি অবকাঠামো খাতা 17% বার্ষিক বার্ষিক হ্রাস পেয়ে 2,348 কোটি টাকায় দাঁড়িয়েছে, যা ব্যাংকের মোট তহবিলযুক্ত সম্পদের 1% এরও কম।

**সম্পদের মান**

ইন্ডাস্ট্রি জুড়ে ক্ষুদ্রঋণ ব্যবসার খেলাপি ঋণ বৃদ্ধির কথা বিবেচনা করে, ব্যাংক ক্ষুদ্রঋণ ব্যবসার উপর নিবিড় নজর রাখছে। মোট এনপিএ, নেট এনপিএ, এসএমএ এবং এমএফআই ব্যতীত খাতার বিধান সহ সম্পদের মানের সূচকগুলি স্থিতিশীল রয়েছে।

**এনপিএ বিশদ:**

ব্যাংকের গ্রস এনপিএ 31 ডিসেম্বর, 2024 তারিখের 1.94 % থেকে 7 বিপিএস বৃদ্ধি পেয়ে 31 মার্চ, 2025 তারিখে 1.87% হয়েছে।

ব্যাংকের নেট এনপিএ 31 ডিসেম্বর, 2024 তারিখের 0.52% থেকে ১ বিপিএস সামান্য বৃদ্ধি পেয়ে 31 মার্চ, 2025 তারিখে 0.53% হয়েছে।

ক্ষুদ্রঋণ পোর্টফোলিও বাদ দিলে, রিটেল, গ্রামীণ এবং এমএসএমই-এর গ্রস এনপিএ 31 ডিসেম্বর, 2024 তারিখের 1.86% থেকে 31 ডিসেম্বর, 2024 তারিখে 1.40% হয়েছে এবং খুচরা, গ্রামীণ এবং এমএসএমই-এর নেট এনপিএ 31 মার্চ, 2025 তারিখে 0.56% ছিল (যা 31 ডিসেম্বর, 2024 তারিখের সমান)

ব্যাংকের পিসিআর সুস্থ ছিল 31 মার্চ, 2025 তারিখে 72.7%।.

**স্লিপেজ:**

আর্থিক বছর 25-এর চতুর্থ প্রান্তিকে গ্রস স্লিপেজ ছিল 2,175 কোটি টাকা, যা আর্থিক বছর 25-এর তৃতীয় প্রান্তিকে ছিল 2,192 কোটি টাকা, যা কমে 17 কোটি টাকা হয়েছে।

আর্থিক বছর 25-এর চতুর্থ প্রান্তিকে ক্ষুদ্রঋণ ব্যবসার গ্রস স্লিপেজ ছিল 592 কোটি টাকা, যা আর্থিক বছর 25-এর তৃতীয় প্রান্তিকে ছিল 437 কোটি টাকা।

ক্ষুদ্রঋণ ব্যবসা ছাড়া, ঋণের বাকি অংশের মোট স্লিপেজ ত্রৈমাসিক ভিত্তিতে 152 কোটি টাকা বৃদ্ধি পেয়েছে, যা আর্থিক বছর 25-এর তৃতীয় প্রান্তিকে 1,755 কোটি টাকা থেকে বেড়ে আর্থিক বছর 25-এর চতুর্থ প্রান্তিকে 1,603 কোটি টাকা হয়েছে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**

Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**

Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**

SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**

Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# বিএসএফের হাতে পাকিস্তানী রেঞ্জার গ্রেফতার



**বেবি চক্রবর্তী: দিল্লী**

সীমান্তে উত্তেজনা চরমে। শনিবার ইচ্ছাকৃতভাবে একজন পাকিস্তানী রেঞ্জার ভারতীয় সীমায় ঢুকে পড়লে বিএসএফ তাকে গ্রেফতার করে। শনিবারই সীমান্তরক্ষী বাহিনী রাজস্থানে ভারত-পাক সীমান্তের কাছ থেকে এক পাকিস্তানি রেঞ্জারকে গ্রেফতার করে। ওই পাকিস্তানি রেঞ্জার জেনে বুঝেই ভারতে অনুপ্রবেশ করেছিল। বর্তমানে বিএসএফের হেফাজতেই রয়েছে ওই পাক রেঞ্জার। এদিকে, পাকিস্তান এখনও বিএসএফ জওয়ান পূর্ণম কুমার সাহুকে ছাড়েনি। গত ২৩ এপ্রিল পূর্ণম পঞ্জাবের ফিরোজপুর সেক্টরে কৃষকদের জমি পাহারা দিতে গিয়েই ভুলবশত পাকিস্তানে চলে যায়। তারপর থেকেই তাঁকে বন্দি করে রেখেছে পাকিস্তান। বহু আলাপ আলোচনার পরেও এখন পর্যন্ত পাকিস্তান তাকে ছাড়ে নি। এদিকে সীমান্তে রাতের দিকে ক্রমাগত গুলি ছুরছে পাকিস্তানের সেনা বাহিনী। জানা গিয়েছে, কুপওয়াড়া, বারামুল্লা, পুঞ্চ, রাজৌরি, মেন্ধর, নৌসেরা, সুন্দেরবানি ও আখনুর সেক্টরে নিয়ন্ত্রণ রেখা বরাবর গুলি চালিয়েছে পাকিস্তান সেনা। গুলির জবাব গুলি দিয়েই দিয়েছে ভারতীয় সেনাও। সংঘর্ষে ভারতের কোনও সেনা আহত হননি বলেই খবর। পহেলগাঁও জঙ্গি হামলার পর দুই দেশের মধ্যে সম্পর্কে উত্তেজনা তৈরি হয়েছে। আর সেই সুযোগেই ক্রমাগত সংঘর্ষবিরতি লঙ্ঘন করছে পাকিস্তান। প্রতিদিনই রাতে ভারত-পাক সীমান্তে গুলি চালাচ্ছে পাক সেনা। এভাবে পায়ে পা লাগিয়ে যুদ্ধ পরিস্থিতি তৈরী করছে পাকিস্তানী সেনা।

## মর্মান্তিক দুর্ঘটনা পূর্ব বর্ধমানে: নিয়ন্ত্রণ হারিয়ে যাত্রীবাহী বাস উল্টে ধান জমিতে, আহত ১৫-২০, উত্তেজিত জনতার অবরোধ

**কৃষ্ণ সাহা, গলসি**

ফের পথ দুর্ঘটনা! পূর্ব বর্ধমানের গলসির শিল্যা রামগোপালপুর রোডে রায়পুর গ্রামের কাছে বালির গাড়ির টোল ট্যাক্স অফিসের সামনে এক ভয়াবহ দুর্ঘটনা ঘটেছে। রবিবার বিকালে শিল্যা থেকে পারাজগামী একটি যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে ধান জমিতে উল্টে পড়ে। এই দুর্ঘটনায় প্রায় ১৫ থেকে ২০ জন যাত্রী গুরুতর আহত হয়েছেন বলে জানা গেছে।

স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, বালির টোল ট্যাক্সের জন্য রাস্তার একটি দিক বালি ফেলে ঘিরে রাখা হয়েছিল। এর জেরেই বাসটি নিয়ন্ত্রণ হারাতে পারে বলে প্রাথমিক অনুমান করা হচ্ছে। দুর্ঘটনার খবর পাওয়া মাত্রই স্থানীয়রা ছুটে এসে উদ্ধারকাজে হাত লাগান। আহত যাত্রীদের দ্রুত উদ্ধার করে স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়েছে। ঘটনাস্থলে তড়িঘড়ি পৌঁছায় গলসি থানার পুলিশ।

এই ঘটনার জেরে এলাকার উত্তেজিত জনতা ক্ষোভ প্রকাশ করে এবং বালি মাফিয়াদের উপর অবরোধ সৃষ্টি করে। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এই মর্মান্তিক দুর্ঘটনার জেরে এলাকায় উত্তেজনা নেমে এসেছে।

## মাদ্রাসা বোর্ডের আলিম পরীক্ষায় প্রথম বসিরহাটের সাইদ আলম মণ্ডল



**উত্তর ২৪ পরগনা**

শনিবার প্রকাশিত হয়েছে মাদ্রাসা বোর্ডের ফলাফল। আর তাতেই প্রথম হয়ে সবাইকে অবাক করে দিহয়েছে মাদ্রাসা বোর্ডের আলিম পরীক্ষায় বসিরহাটের সাইদ আলম মণ্ডল। জয়েন্টে বসে চিকিৎসক হওয়া স্বপ্ন, তার অনুপ্রেরণা বাবা-মা, শিক্ষকরা।

মাধ্যমিক পরীক্ষার ফলাফলের পরেই পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ডের মাধ্যমিক সমতুল্য (আলিম), উচ্চ মাধ্যমিক সমতুল্য (ফাজিল) ও হাই মাদ্রাসার ফল প্রকাশিত হয়েছে। মাদ্রাসা বোর্ডের ফলাফলেও নজর কাড়লো বসিরহাট। উত্তর ২৪ পরগনা বসিরহাট মহকুমার সীমান্ত লাগোয়া ইটিন্ডা গ্রামের অভাবী পরিবারের মেধাবী ছাত্র সাঈদ আলম রাজ্যে আলিম (মাধ্যমিক সমতুল্য) পরীক্ষায় প্রথম স্থান অধিকার করল।

রাজ্য মাদ্রাসা বোর্ড, চমকপ্রদ ফলাফলে খুশির হাওয়া এলাকায়। উত্তর ২৪ পরগনা জেলার কাটিয়া শাহ রজব আলি সিনিয়র মাদ্রাসার ছাত্র সাঈদ, ৯০০ মধ্যে তার প্রাপ্ত নম্বর ৮৭৩।

সাঈদের বাবা আব্দুল কাইয়ুম মণ্ডল মুম্বাইয়ে সেলাই মিস্ত্রি কাজ করেন, মা সাবিনা বিবি গৃহবধূ। অভাবে সংসারে কোনরকমে দিন গুজরান করেন। টালির চাল আর রুগ্ন ঘরে প্রায়ই স্বপ্ন দেখত সে, একটা কিছু করবে, সেই স্বপ্ন যেন এবার হাতে। মাদ্রাসা বোর্ডে প্রথম সাঈদ আলম।

# সিনেমার খবর

cinema TV

## দীপিকাকে অন্ধকার ঘরে আটকে রেখে শাস্তি!

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



দীপিকা পাড়ুকোন ক্যারিয়ারে একের পর এক হিট ছবি উপহার দিয়েছেন। অল্প কিছুদিন হলো, কোলে সন্তান এসেছে তার; এখন অভিনেত্রীর সময় কাটছে মাতৃত্ব নিয়ে। এমন সময় দীপিকার ছোটবেলার একটি স্মৃতি নিয়ে বেশ আলোচনা। মাঝে মাঝেই ছোটবেলার নানা ঘটনা অনুরাগীদের সঙ্গে ভাগ করে নেন দীপিকা পাড়ুকোন। কখনও সাক্ষাৎকারের মাধ্যমে, আবার কখনও কোনো শো-তে এসে। একবার কাপিল শর্মার শো-তে গিয়ে দীপিকা জানিয়েছিলেন, তাকে বেশ কড়া শাসনের মধ্যে রাখতেন বাবা-মা। দুষ্টুমি করলে মিলতো শাস্তি।


দীপিকা বলেন, 'আমরা যে ফ্ল্যাটে থাকতাম আর আগে সেখানে একটা বড় রান্নাঘর ছিল, একটা স্টোর রুমও ছিল সেটার সঙ্গে। যখনই আমি দুষ্টুমি করতাম, বা অসভ্যতা করতাম বাবা মায়ের সঙ্গে কিংবা হোমওয়ার্ক করতাম না তখন আমাকে ওই স্টোর রুমে আটকে রাখা হতো। ওই ঘরের সুইচ বাইরে ছিল। বাবা আমায় ওখানে ঢুকিয়ে বাইরে দিয়ে আলো নিভিয়ে দিত।'

দীপিকা একইসঙ্গে জানিয়েছেন, তার ব্যক্তিজীবন থেকে কর্মজীবন, সর্বত্রই তার বাবার অবদান বিশাল। অভিনেত্রী বাবার বিষয়ে কথা বলতে গিয়ে আবুধাবির একটি অনুষ্ঠানে বলেছিলেন, 'আমার বাবা সবসময় আমায় বলেছেন যা খুশি কর মানুষ তোমায় মনে রাখবে তুমি কেমন মানুষ সেটার জন্য। আমি তাই সেটাই মনে রেখে চলার চেষ্টা করি।'

গত বছর দীপিকার কোলে আসে তাদের প্রথম কন্যা সন্তান দুয়া। তবে এখনও মেয়ের মুখ দেখাননি দীপিকা-রণবীর দম্পতি।

## নারীবাদী মুখোশ পরা পুরুষ তারকাদের সমালোচনায় দক্ষিণী অভিনেত্রী

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



পুরুষ তারকারা ক্যামেরার সামনে নারীবাদী হওয়ার ভান করেন, কিন্তু বাস্তবে একদম উল্টো আচরণ করেন। এমনই বিস্ফোরক মন্তব্য করেছেন দক্ষিণী অভিনেত্রী মালবিকা মোহনান।

সম্প্রতি এক সাক্ষাৎকারে তিনি বলেন, ইন্ডাস্ট্রিতে ভণ্ডামির মাত্রা বেড়েই চলেছে। ওই সাক্ষাৎকারে মালবিকা বলেন, সিনেমা জগতে নারী-পুরুষ বৈষম্য এখনও পুরোপুরি দূর হয়নি। বরং এখন অনেক পুরুষ তারকা খুব চতুরভাবে আধুনিক ভাবমূর্তি তৈরি করছে।

তিনি আরও বলেন, তারা জানে কীভাবে এমন কিছু কথা বলতে হয়, যাতে মনে হয় ওরা খুব নারীবাদী, খুব আধুনিক। কিন্তু ক্যামেরার বাইরে গিয়ে ওদের আসল চেহারা দেখা যায়। তারা তখন ভয়ানক নারী-বিদ্বেষী হয়ে ওঠে। এটা এক ধরনের ভণ্ডামি।

উল্লেখ্য, গত বছর মালবিকা অভিনয় করেছেন 'থাঙ্গালান' (তামিল) ও 'যুদ্ধরা' (হিন্দি) সিনেমাতে। সামনে তাকে দেখা যাবে প্রভাসের সঙ্গে তেলুগু সিনেমা 'দ্য রাজা সাব'-এ। এই সিনেমায় আরও থাকবেন নিধি আগারওয়াল ও ঋদ্ধি কুমার। সঞ্জয় দত্তও ক্যামিও চরিত্রে থাকতে পারেন।

এছাড়াও মালবিকা অভিনয় করছেন কার্থির সঙ্গে 'সর্দার ২' (তামিল) এবং মালয়ালম সিনেমা 'হৃদয়পূর্বম'-এ।

## কত সম্পত্তির মালিক অরিজিৎ সিং?



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বলিউডের এ প্রজন্মের জনপ্রিয় শিল্পী অরিজিৎ সিং। এ বছরের ২৫ এপ্রিল ৩৭ বছরে পা দিলেন তিনি। একের পর এক হিট গান উপহার দিয়েছেন এই তারকা শিল্পী। তার গানের জাদুতে মুগ্ধ ৮ থেকে ৮০ সবাই। জানেন কি গায়কের মোট সম্পত্তি কত? ঝুলিতে আছে কোন কোন পুরস্কারজয়ী গান?

মাত্র ১৮ বছর বয়সে ক্যারিয়ার শুরু করেন অরিজিৎ সিং। আশিকি ২ ছবির 'তুম হি হো' গানটি তাকে খ্যাতির শীর্ষে পৌঁছে দেয়। যদিও তার প্রথম প্লেব্যাক করা গান মার্ডার ২ ছবির 'ফির মহব্বত' গানটি। বিভিন্ন ভাষায় এখনও পর্যন্ত ৩০০ টির বেশি গান গেয়েছেন অরিজিৎ। বার্থডে বয়ের জন্মদিনে জানুন তিনি কত কোটি রুপির মালিক।

বলিউডের অন্যতম বেশি পারিশ্রমিক পাওয়া গায়ক হলেন অরিজিৎ সিং। বছরে প্রায় ৭০ কোটি রুপি আয় তার। ৪১৪ কোটি রুপির সম্পত্তি আছে গায়কের। ডিএনএ-এর এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে।

বলিউডের এক একটি গান গাওয়ার জন্য প্রায় ১০ লাখ রুপি করে নেন অরিজিৎ। আর কনসার্টের জন্য ৫০ লাখ থেকে দেড় কোটি রুপি চার্জ করে থাকেন বলেই জি জেস্টের রিপোর্টে জানানো হয়েছে।

অরিজিৎ সিংয়ের মুম্বাইয়ে ভারসোভা বিল্ডিংয়ে ৪টি ফ্ল্যাট আছে। যার প্রতিটির দাম প্রায় ৯ কোটি রুপি। এছাড়া তার কাছে রেঞ্জ রোভার ভগ, হামার এইচ ৩, মার্সিডিজ বেঞ্জের মতো একাধিক বিলাসবহুল গাড়ি আছে। যদিও তিনি সাদামাটাভাবেই থাকতে পছন্দ করেন।

তুম হি হো গানটির জন্য ফিল্মফেয়ার পুরস্কার পেয়েছিলেন অরিজিৎ সিং। কলঙ্ক টাইটেল ট্র্যাক, অ্যায় ওয়াতান, রোকে না রুকে, সুরজ ডুবা হ্যায়, ইত্যাদি গানগুলোর জন্যও ফিল্মফেয়ার পেয়েছেন গায়ক। সোচ না স্যকে গানটির জন্য গ্লোবাল ইন্ডিয়ান মিউজিক অ্যাওয়ার্ড পেয়েছেন অরিজিৎ।

অরিজিৎ সিংয়ের ঝুলিতে আছে স্টারডাস্ট অ্যাওয়ার্ড। এটা তিনি চান্না মেরেয়া গানটির জন্য পেয়েছেন।

# রাজস্থানকে ১ রানে হারিয়ে টিকে রইল কলকাতা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

রাজস্থান রয়্যালসের বিপক্ষে এক রোমাঞ্চকর জয়ে প্লে-অফের আশা টিকিয়ে রাখল কলকাতা নাইট রাইডার্স। রবিবার ইডেন গার্ডেন্সে রুদ্ধশ্বাস ম্যাচে ১ রানের নাটকীয় জয় পায় বর্তমান চ্যাম্পিয়নরা।



প্রথমে ব্যাট করে কলকাতা ৪ উইকেটে করে ২০৬ রান। শেষ দিকে ঝড় তোলেন আন্দ্রে রাসেল। মাত্র ২৫ বলে ৪টি চার ও ৬টি ছক্কার সাহায্যে ৫৭ রানে অপরাজিত থাকেন ক্যারিবিয়ান অলরাউন্ডার। ৬ বলে করেন ১৯ রান করে তাকে যোগ্য সঙ্গ দেন রিঙ্কু সিং।

জবাবে ব্যাট করতে নেমে রাজস্থান রয়্যালস ৮ উইকেটে করে ২০৫ রান, শুধু এক রান কম। আর সেখানেই জয় নিশ্চিত হয় কলকাতার।

ম্যাচ জমে ওঠে শেষ ওভারে, যেখানে রাজস্থানের দরকার ছিল ২২ রান। কেকেআরের তরুণ পেসার ভৈরব অরোরার ওভারে শুভব দুবে একাই তুলে নেন ১৯ রান—এক ছয়, এক চার ও একটি ছয়ে জমিয়ে দেন ম্যাচ।

শেষ বলে দরকার ছিল ৩ রান। অরোরার নিখুঁত ইয়র্কারে ১ রান নিয়ে দ্বিতীয় রান নিতে গিয়ে রানআউট হয়ে যান জোফ্রা আরচার। রাজস্থান থেমে যায় ২০৫ রানে, কলকাতা তুলে নেয় ১ রানের অবিশ্বাস্য জয়।

রাজস্থানের অধিনায়ক রিয়ান পরাগ একাই লড়াই চালিয়ে যান। ৪৫ বলে ৬টি চার ও ৮টি ছক্কার সাহায্যে করেন ৯৫ রান, কিন্তু দলের জয় নিশ্চিত করতে পারেননি। কলকাতার হয়ে বল হাতে ২টি করে উইকেট নিয়েছেন হর্ষিত রানা, মঈন আলি ও বরুণ চক্রবর্তী।

এই জয়ে ১১ ম্যাচে ১১ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার ৬ নম্বরে উঠে এসেছে কলকাতা।

# বড় জয় পেল মায়ামি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

দিন তিনেক আগে ঘরের মাঠে হেরে কনকাকাফের সেমিফাইনাল থেকে ছিটকে গিয়েছিল ইন্টার মায়ামি। তখনই মায়ামির কোচ হাভিয়ের মাশ্চেরানো মেজর লিগ সকারে (এমএলএস) মনোযোগ দেওয়ার কথা বলেছিলেন। যুক্তরাষ্ট্রের শীর্ষ এই প্রতিযোগিতায় খেলতে নেমে লিওনেল মেসি ও লুইস সুয়ারেজদের গোলে বড় জয়ই পেল ফ্লোরিডার ক্লাবটি।

ঘরের মাঠ চেজ স্টেডিয়ামে আজ (রবিবার) ভোরে ইন্টার মায়ামি মুখোমুখি হয় নিউইয়র্ক রেড বুলসের। ম্যাচের প্রথমার্ধেই স্বাগতিকরা তিন দফা এগিয়ে যাওয়ার পর বিরতির আগমুহূর্তে ব্যবধান কমায় নিউইয়র্ক। পরে মেসি স্কোরশিটে নাম তোলার পাশাপাশি মায়ামির ৪-১ গোলে বড় জয়ও নিশ্চিত করেন।

আর্জেন্টাইন অধিনায়ক ও সুয়ারেজ ছাড়াও মায়ামির পক্ষে একটি করে গোল করেন ফাফা পিকোল্ট এবং মার্সেলো ওয়েগান্ডট।

নিউইয়র্কের ব্যবধান কমানো গোলটি আসে বায়ার্ন মিউনিখের সাবেক ফরোয়ার্ড ম্যাক্সিম চুপো-মোটিংয়ের পা থেকে। যদিও আরও কয়েকটি সুযোগ পেয়ে কাজে লাগাতে পারেননি চুপো-মোটিংসহ তার সতীর্থরা।

সুয়ারেজের বাড়ানো পাস ধরে নবম মিনিটেই মায়ামিকে লিড এনে দেন ফিকোল্ট। ৩০ মিনিটেই সেই ব্যবধান দ্বিগুণ করেন মার্সেলো। প্রথম গোলের যোগান দেওয়া উরুগুইয়ান তারকা নাম তোলেন ৩৯ মিনিটে। বিরতির আগেই তিন দফা গোল হজম করে ব্যাকফুটে চলে যায় নিউইয়র্ক রেড বুলস। তবে প্রধমার্ধ শেষ হওয়ার আগমুহূর্তে তাদের ব্যবধান কমে চুপো মোটিংয়ের অবদানে।

দ্বিতীয়ার্ধে মেসির গোলটি আসে ৬৭ মিনিটে। সতীর্থের সঙ্গে পাস চালাচালি করে বক্সে ঢুকে এক ডিফেন্ডারকে ডজ দিয়ে ভাসানো বলে শট নেন আর্জেন্টাইন তারকা। স্বল্প দূরত্বের সেই জোরালো শট ঠেকানোর সুযোগ ছিল না রেড বুলস গোলরক্ষকের পক্ষে। এটি আর্জেন্টাইন মহাতারকার ক্যারিয়ারে ৮৫৯তম গোল। এরপর দুই দলই চেষ্টা অব্যাহত রাখলেও, আর কেউই গোল পায়নি। বড় জয় নিয়ে মাঠ ছাড়ে ইন্টার মায়ামি।

এই জয়ে এমএলএসের ইস্টার্ন কনফারেন্সে ১০ ম্যাচে ২১ পয়েন্ট নিয়ে টেবিলের চারে মায়ামি। এক ম্যাচ বেশি খেলা কলম্বাস ক্রু ২৪ পয়েন্ট নিয়ে শীর্ষে। এ ছাড়া সমান ২২ পয়েন্ট নিয়ে দুই-তিনে যথাক্রমে ফিলাডেলফিয়া ইউনিয়ন ও এফসি সিনসিনাতি।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR